দৈনিক ইত্তেফাক

তারিখ 15 JUL 1993
পৃষ্ঠা 12 কলাম 7

১৫

# শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারের অবস্থা অত্যন্ত নাজুক

—শিক্ষা প্রতিমন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ।। বাংলাদেশ গ্রন্থাগার সমিতির উদ্যোগে ব্যান্সডক মিলনায়তনে আয়োজিত 'কলেজ গ্রন্থাগার : সমস্যা ও সমাধান' শীর্ষক দিনব্যাপী এক সেমিনারে প্রধান অতিথি শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান বলিয়াছেন, বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারগুলির অবস্থা অত্যন্ত নাজুক। স্কুল-কলেজ ও মাদ্রাসা গ্রন্থাগারগুলির সংগ্রহ যেমন সমৃদ্ধ নয় তেমনি যোগ্য গ্রন্থাগার কর্মীরও অভাব রহিয়াছে। তিনি প্রতিটি গ্রন্থাগারের প্রয়োজনীয় উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করিয়া বলেন, শীঘ্রই কর্মকমিশনের মাধ্যমে কলেজ গ্রন্থাগারিকের শূন্য পদে শতাধিক প্রথম শ্রেণীর গ্রন্থাগারিক নিয়োগের ব্যবস্থা করা হইবে।

বাংলাদেশ গ্রন্থাগার সমিতির সভাপতি এ, কে, এম আব্দুর নূরের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে সমিতির সাধারণ সম্পাদক এম, শামসুল ইসলাম খান বক্তব্য রাখেন। সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন বাংলাদেশ কলেজ গ্রন্থাগার সমিতির সভানেত্রী মিসেস শামসুন্নাহার।